গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-০৩ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর:- ৫৯.০০.০০০০.১০৬.০২.০১১.২১- ৬৪৯

তারিখ: ০৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
২৪ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও ১ম কোয়ার্টারের পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক ১ম সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ১১.১০.২০২১ খ্রি. তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও ১ম কোয়ার্টারের পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক ভার্চুয়াল (জুম অ্যাপস) এর মাধ্যমে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৪/১০/২১

(কাজী লুতফুল হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০৯২২
healthad3@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৩. মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা
০৪. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
০৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৬. যুগ্মসচিব (পার) ও ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০৭. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, রাজবাড়ী/টাঙ্গাইল
০৮. প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ :**

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

# শুদ্ধাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : মো: আলী নূর
সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্থান : ভার্চুয়াল (জুম অ্যাপস্)
তারিখ : ১১-১০-২০২১ খ্রি:
সময় : বেলা ১২.০০ টা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব ও সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং যুগ্মসচিব (পার) ও এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পার ফোকাল পয়েন্ট সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি জানান, মাঠ পর্যায়ের প্রতিষ্ঠান সমূহের সার্বিক কার্যক্রম মনিটরিং ও পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়নের জন্য এ বিভাগের আওতাধীন দপ্তরগুলোকে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। এরপর সভায় অংশগ্রহণকারী সদস্যগণ নিম্ন বর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল-কর্মপরিকল্পনা-২০২১-২০২২ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান। | (ক) এ পর্যায়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক বলেন, গত কোয়ার্টারের পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন মোট লক্ষ্যমাত্রার ২৫% অর্জিত হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ১ম কোয়ার্টারের সভা অনুষ্ঠিত হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। চলতি অর্থবছরের গত কোয়ার্টার পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচির মোট বরাদ্দের ৭.৫% বাস্তবায়িত হয়েছে। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের মধ্যে পেনশন নিষ্পত্তি সংক্রান্ত একটি তথ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। বিভিন্ন সেবা কার্যক্রম সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট বা প্রচারপত্র/নোটিশ/বিজ্ঞপ্তি/ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে সচেতনতামূলক বার্তা নিয়মিত প্রচারিত হচ্ছে। জেলা ও উপজেলা পর্যায়ে বরাদ্দ ও ব্যয় সরেজমিনে যাচাই এবং অডিট আপত্তি নিষ্পত্তিকরণে সহযোগিতা প্রদান অব্যাহত রয়েছে। ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে উন্নয়ন খাতে আর্থিক বরাদ্দ প্রদান এবং খরচের প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে গত কোয়ার্টারের অর্জন প্রতিবেদনে পরিলক্ষিত হয়নি। ডিজিটাল মনিটরিং সফটওয়্যারের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারিদের কর্মস্থলে উপস্থিতি যাচাইয়ের কাজ অব্যাহত রয়েছে। এ বিষয়ে সভাপতি কর্মস্থলে অনুপস্থিতি পাওয়া গেলে তাদের বিষয়ে কী ব্যবস্থা নেওয়া হচ্ছে তা পরবর্তী সভায় জানানোর জন্য নির্দেশনা প্রদান করেন। | ১) অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছকে প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২) নৈতিকতা কমিটি ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৩) পেনশন দ্রুত নিষ্পত্তির জন্য সফটওয়্যার প্রস্তুত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৪) লিফলেট/বার্তা প্রচারের ক্ষেত্রে থিমওয়াইজ সংখ্যা নির্ধারণ করতে হবে।<br><br>৫) কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে অনুপস্থিত পাওয়া গেলে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তর |
| | | (খ) এ পর্যায়ে নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের মহাপরিচালক বলেন, গত কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের | ১) কর্মপরিবেশ উন্নয়ন কার্যক্রম এর স্বপক্ষে যথাযথ প্রমাণক দাখিলকরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|---|---|
| | | (stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়েছে। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ১ম কোয়ার্টারে অনুষ্ঠিত হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। চলতি অর্থবছরের গত কোয়ার্টার পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচির মোট বরাদ্দের ২৫% বাস্তবায়িত হয়েছে এবং প্রমাণক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের মধ্যে মুগদা মেডিকেল কলেজ হাসপাতালের নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | ২) ঢাকা মেডিকেল কলেজে গণশুনানীতে মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্তি নিশ্চিতকরণ এবং প্রতি কোয়ার্টারে অন্তত: একটি গণশুনানী আয়োজনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৩) মুগদা মেডিকেল কলেজ পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (গ) এ পর্যায়ে নিপোর্টের মহাপরিচালক বলেন, গত কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং বাস্তবায়ন অগ্রগতি মোট লক্ষ্যমাত্রার ২০% অর্জিত হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ১ম কোয়ার্টারের সভা যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ১ম কোয়ার্টারে ২০ জনের মধ্যে ১৯ জনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্ম পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। চলতি অর্থবছরের গত কোয়ার্টার পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচির মোট বরাদ্দের মাত্র ৫% বাস্তবায়িত হয়েছে। দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ মোট লক্ষ্যমাত্রার ২৫% অর্জিত হয়েছে। মাঠ পর্যায়ের দপ্তরসমূহের পরিদর্শন/আকস্মিক পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ১৫টির মধ্যে ১০টি বাস্তবায়িত হয়েছে। গণশুনানি আয়োজন চলমান রয়েছে। ইতোমধ্যে একটি গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। দুর্নীতি ও সুশাসন বিষয়ে প্রশিক্ষণ প্রদান অব্যহত রয়েছে। ইতোমধ্যে এ বিষয়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | ১) বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি বৃদ্ধির বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহিত হয়।<br><br>২) পরিদর্শন এর সংখ্যা বৃদ্ধির বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | নিপোর্ট |
| | | (ঘ) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক চলতি ২০২১-২০২২ অর্থবছরের ১ম কোয়ার্টারের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-২০২১-২০২২ এর অগ্রগতি প্রতিবেদন আগামী সপ্তাহের মধ্যে প্রণয়নপূর্বক তা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে পাঠানো হবে মর্মে উল্লেখ করেন। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-২০২১-২০২২ এর অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে সভার তারিখ হতে এক সপ্তাহের মধ্যে পাঠানোর বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর |

০২। অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১০/২১

(মো: আলী নূর)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ